# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-09-2026** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রশাসনিক কাজকর্মে স্বচ্ছতা আনার লক্ষ্যে রাজ্য সরকারের সমস্ত চিঠিপত্রে আধিকারিকদের সুস্পষ্ট স্বাক্ষর ও নাম সহ সিল বাধ্যতামূলক করা হয়েছে।

২) দুর্যোগ মোকাবিলায় ত্রান ও উদ্ধার কাজ আরও দ্রুত করতে রাজ্য সরকার, বিশেষ প্রশিক্ষনপ্রাপ্তদের নিয়ে অর্জুন বাহিনী গঠন করেছে।

৩) আসন্ন পুর নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে সংশ্লিষ্ট জেলাশাসকদের সঙ্গে আজ জরুরি বৈঠকে বসছে রাজ্য নির্বাচন কমিশন।

৪) রাজ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা গতবারের তুলনায় চলতি বছর এখনও পর্যন্ত ৫০ শতাংশের কম বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

আয়ুষ্মান ভারত ও মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনা চালু হওয়ার পর এখনো পর্যন্ত ১৯ হাজার ৭০০ জন উপকৃত হয়েছেন।

৫) তেসরা সেপ্টেম্বর মহানায়ক উত্তম কুমারের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে রাজ্য সরকার, “শতবর্ষে মহানায়ক" শীর্ষক একগুচ্ছ কর্মসূচি নিয়েছে।

৬) নিম্নচাপ ও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যের বিভিন্ন অংশে আজও বৃষ্টির সম্ভাবনা।

---

প্রশাসনিক কাজকর্মে স্বচ্ছতা আনার লক্ষ্যে রাজ্য সরকারের সমস্ত চিঠিপত্রে আধিকারিকদের সুস্পষ্ট স্বাক্ষর ও নাম সহ সিল বাধ্যতামূলক করা হয়েছে। গতকাল থেকেই এই নিয়ম কার্যকর হয়েছে। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিবের এই নির্দেশিকা রাজ্য ও জেলা স্তরে সব দপ্তর ও বিভাগে ইতোমধ্যেই পাঠিয়ে দেওয়া হয়েছে। এতে বলা হয়েছে, সমস্ত সরকারি চিঠিপত্রে আধিকারিকের স্বাক্ষরের পাশাপাশি নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। একইসঙ্গে ব্যবহার করতে হবে আধিকারিকের পদ সহ পুরো নামের সিল।

-------------------

দুর্যোগ মোকাবিলায় ত্রান ও উদ্ধার কাজ দ্রুত করতে রাজ্য সরকার বিশেষ প্রশিক্ষনপ্রাপ্তদের নিয়ে অর্জুন বাহিনী তৈরি করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নবান্নে সৈনিক বোর্ড থেকে নেওয়া ২০০ জনকে নিয়ে তৈরি এই বাহিনীর সূচনা করে বলেন, এনডি আর এফ এর অনুকরনে আগামী দিনে এই বাহিনীকে আরও শক্তিশালী করে তোলা হবে। এই দুশো জনের মধ্যে একশো জনকে নিয়ে গঠিত একটি উদ্ধারকারী দলকে কলকাতায় এবং ৫০ জন করে দুটি দলকে দূর্যোগপ্রবন দার্জিলিং ও সুন্দরবনে রাখা হবে বলে তিনি জানিয়েছেন।

এই বাহিনীতে নিয়োগের ক্ষেত্রে অগ্নিবীরের সঙ্গে অবসরপ্রাপ্ত সেনা কর্মীদের অগ্রাধিকার দেওয়া হবে। দুর্যোগ সামলাতে অসামরিক প্রতিরক্ষা দপ্তর, এনডিআরএফ, এসডিআরএফ, রাজ্য পুলিশ, সেনাবাহিনী, আধা-সামরিক বাহিনী, দমকল এবং পুরসভার মধ্যে সমন্বয় রেখে তাদের একযোগে কাজ করার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

-------------------

সরকারের সমালোচনা করলেও দেশপ্রেম ও ধর্মীয় আস্থার প্রশ্নে সংবেদনশীল হতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সংবাদমাধ্যমের প্রতি আহ্বান জানিয়েছেন। নবান্নে গতকাল সাংবাদিকদের জন্য চালু হওয়া মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনা এবং সাংবাদিক পেনশন প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, যেকোনো ধরনের সমালোচনা তিনি মাথা পেতে নিতে প্রস্তুত।

সংবাদমাধ্যমকে গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ হিসাবে উল্লেখ করে তিনি বলেন, সরকারের গঠনমূলক সমালোচনার পাশাপাশি সংবাদ পরিবেশনের ক্ষেত্রে জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া উচিত। এমন কোনও ভাষা বা শব্দ ব্যবহার করা উচিত নয়, যাতে কোনও সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগে।

-------------------

রাজ্যের আসন্ন পুর নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে সংশ্লিষ্ট জেলাশাসকদের সঙ্গে আজ জরুরি বৈঠকে বসছে রাজ্য নির্বাচন কমিশন। যে জেলাগুলিতে নির্বাচন হওয়ার কথা রয়েছে, সেখানে প্রশাসনিক প্রস্তুতি, ইভিএমের পরিমাণ ও সংরক্ষণ ব্যবস্থা, ভোটকেন্দ্রের পরিকাঠামো, জনবল এবং আইনশৃঙ্খলা-সহ সার্বিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা হবে বলে জানা গেছে। পাশাপাশি নির্বাচনী সূচি ঘোষণার আগে কোনও ক্ষেত্রে সমস্যা বা ঘাটতি থাকলে তা দ্রুত চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার বিষয়েও জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হতে পারে।

-------------------

ডেঙ্গু নিয়ে সাধারণ মানুষের আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই এবং রাজ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা গতবারের তুলনায় চলতি বছর এখনও পর্যন্ত ৫০ শতাংশের কম

বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। রাজ্যের ডেঙ্গু পরিস্থিতি পর্যালোচনা করতে গতকাল স্বাস্থ্য ভবনে বিশেষ বৈঠক করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, এপর্যন্ত ১৪৮ জন ডেঙ্গু আক্রান্তকে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে মুর্শিদাবাদের নওদা এবং নদীয়ার চাকদায় আক্রান্তের সংখ্যা বেশি। ডেঙ্গু হলে ডাক্তারি রিপোর্টে উল্লেখ করার ক্ষেত্রে আগের মত বাধা নেই বলে মুখ্যমন্ত্রী জানান।

বাইট ডেঙ্গু

এদিকে, মুর্শিদাবাদের নওদায় ডেঙ্গু আক্রান্ত এলাকাগুলিতে পরিদর্শন শুরু করেছেন প্রশাসন ও স্বাস্থ্য দফতরের কর্তারা। বিভিন্ন এলাকায় জমা জলে মশার লার্ভা রয়েছে কি না, তা খতিয়ে দেখছেন পতঙ্গবিদরাও। স্বাস্থ্য দফতর সূত্রে জানা গিয়েছে, এ বছর এখনও পর্যন্ত নওদায় ২১ জন ডেঙ্গি আক্রান্ত। আগস্ট মাসে এই সংখ্যা ১৬ জন। পাটিকাবাড়ি এলাকায় আক্রান্তের সংখ্যা সবচেয়ে বেশি বলে খবর।

-------------------

রাজ্যে আয়ুষ্মান ভারত ও মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনা চালু হওয়ার পর এখনো পর্যন্ত ১৯ হাজার ৭০০ জন উপকৃত হয়েছেন বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। গত ১৬ আগস্ট রাজ্যে এই দুই প্রকল্পের সূচনা হয়। গতকাল স্বাস্থ্যভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে কয়েকজন উপকৃত রোগীর সঙ্গে কথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি জানান, এই ১৯ হাজার ৭০০ জনের মধ্যে ওড়িশা মহারাষ্ট্র ও ঝাড়খণ্ড সহ অন্য রাজ্যের প্রায় ৪০০ জন উপকৃত রয়েছেন।

-------------------

প্রশাসনিক বৈঠকে যোগ দিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট যাচ্ছেন। বালুরঘাট লোকসভা কেন্দ্রের পাশাপাশি সমগ্র জেলার

বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি এবং ভবিষ্যৎ অনুমোদন সংক্রান্ত বিষয় পর্যালোচনা করবেন তিনি। এর প্রেক্ষিতে গত সোমবার জেলাশাসক টি. বালাসুব্রহ্মণিয়ান, জেলা পুলিশ সুপার অভিষেক গুপ্তা এবং স্থানীয় বিধায়ক বিদ্যুৎকুমার রায় বালুরঘাট বিমানবন্দর, জেলা হাসপাতাল-সহ একাধিক এলাকা পরিদর্শন করেন এবং নিরাপত্তা ও প্রশাসনিক প্রস্তুতি খতিয়ে দেখেন।

উল্লেখ্য, সকালে কলকাতা থেকে আকাশপথে রওনা হয়ে মুখ্যমন্ত্রী বালুরঘাট বিমানবন্দরে নামবেন। ঐ বিমানবন্দরের পরিকাঠামো পরিদর্শনের পর জেলা হাসপাতালের পরিষেবা নিয়ে স্বাস্থ্য আধিকারিকদের সঙ্গে বৈঠক করার কথা। এরপর মুখ্যমন্ত্রীর জেলা প্রশাসনিক ভবনের বালুছায়া গৃহে বৈঠকের কর্মসূচি রয়েছে।

আজই তিনি কলকাতায় ফিরে আসবেন।

-------------------

মহানায়ক উত্তম কুমারের জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে রাজ্য সরকার আগামীকাল থেকে ৬ তারিখ পর্যন্ত কলকাতা জুড়ে "শতবর্ষে মহানায়ক" শীর্ষক একগুচ্ছ কর্মসূচি নিয়েছে। গতকাল নন্দনে এই উপলক্ষে এক সাংবাদিক বৈঠকে তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী জানান, নিছক স্মরণোৎসব নয়, মহানায়কের শিল্পী সত্তা, চলচ্চিত্র উত্তরাধিকার এবং বাংলা সংস্কৃতিতে তাঁর দীর্ঘস্থায়ী প্রভাবকে নতুন প্রজন্মের সামনে তুলে ধরার জন্যই এই বিরাট উদ্যোগ নেওয়া হচ্ছে।

বাইট পূর্ণিমা চক্রবর্তী

উল্লেখ্য, আগামীকাল উত্তম কুমারের জন্মদিনে সকালে টালিগঞ্জে তাঁর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সন্ধ্যায় নন্দন থেকে বিড়লা তারামণ্ডল পর্যন্ত এক শ্রদ্ধাঞ্জলি পদযাত্রায়ও অংশ নেবেন তিনি। এছাড়া গগনেন্দ্র শিল্প

প্রদর্শশালায় মহানায়কের কর্মজীবন নিয়ে থাকছে একটি প্রদর্শনী। ৪ তারিখ নিউ টাউনে রয়েছে উত্তম কুমার ফিল্ম সেন্টারের শিলান্যাস অনুষ্ঠান। ঐদিনইসন্ধ্যায়, “Mahanayak: A Superstar Journey" শীর্ষক একটি তথ্যচিত্র দেখানো হবে রবীন্দ্রসদনে। গতকালের সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন, অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, রুপা গাঙ্গুলী প্রমূখ।

-------------------

নদীয়ার মোহনপুরে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের ৫৩ তম প্রতিষ্ঠা দিবস পালিত হয়েছে। গতকাল এই উপলক্ষে কৃষি শিক্ষা, গবেষণা ও উন্নয়নে বিশ্ববিদ্যালয়ের অবদান তুলে ধরতে এক প্রদর্শনী হয়। উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের কৃষি মন্ত্রী দুধ কুমার মন্ডল, মন্ত্রী অমিও কিসকু প্রমুখ। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট অনুপম

-------------------

ইসকন নিউটনের উদ্যোগে আজ শুরু হচ্ছে জন্মাষ্টমী মহোৎসব। চলবে আগামী পাঁচ তারিখ পর্যন্ত। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে মন্দিরের কমিউনিকেশন ডেভলপমেন্ট কমিটির সদস্য গোবিন্দ ঘোষ দাস জানিয়েছেন, এবছর উৎসবের মূল ভানা হল 'গো গোপাল গোবর্ধন'।

এই মহোৎসবে ভক্তবৃন্দ এবং শিল্পীরা ভক্তিমূলক সংগীত, নৃত্য, শ্লোক, আবৃত্তি, নাটক এবং নানা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন। উৎসবে অংশ নেবেন প্রায় দুই লক্ষ ভক্ত, দর্শনার্থী এবং অতিথি। চার তারিখ শুক্রবার জন্মাষ্টমীর দিন রাত সাড়ে দশটা

থেকে সাড়ে এগারোটা পর্যন্ত রাধা কৃষ্ণের বিশেষ অভিষেক, কৃষ্ণকথা, ভোগ নিবেদন, মঙ্গল আরতি এবং মহা সংকীর্তনের আয়োজন করা হয়েছে।

-------------------

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন উত্তর ওড়িশার ওপর তৈরি সুস্পষ্ট নিম্নচাপ ক্রমশ সরে গেলেও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে পশ্চিমের জেলা বীরভূম, পুরুলিয়া, পশ্চিম বর্ধমানে আজ ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। এছাড়াও দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় আজও মেঘলা আকাশ এবং দু এক পশলা বৃষ্টির সম্ভাবনা।

আজ সকাল সাড়ে ছটা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় আলিপুরে প্রায় ১৩০ মিলিমিটার বৃষ্টির রেকর্ড করা হয়েছে।

অন্যদিকে এপর একটি নিম্নচাপ অক্ষরেখার কারণে উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত ৫ জেলায় ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি তিন জেলাতেও বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। আগামীকাল ঐ ৫টি জেলা এবং সিকিমে বৃষ্টির পরিমাণ আরো বাড়তে পারে।

------------------- -------------------